

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৬৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯৪. কাতার সোজা করা

# باب تَسْوِيَةِ الصُّفُوفِ

#### আরবী

حَدَّثَنَا عِيسَى بْنُ إِبْرَاهِيمَ الْغَافِقِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْب، ح وَحَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، حَدَّثَنَا الْلَيْثُ، - وَحَدِيثُ ابْنِ وَهْبِ أَتَمُّ - عَنْ مُعَاوِيَة بْنِ صَالِحٍ، عَنْ أَبِي الزَّاهِرِيَّةِ، عَنْ كَثِيرِ بْنِ مُرَّةَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ، - قَالَ قُتَيْبَةُ عَنْ أَبِي الزَّاهِرِيَّةِ، عَنْ أَبِي الزَّاهِرِيَّةِ، عَنْ أَبِي شَجَرَةَ، لَمْ يَذْكُرِ بْنِ مُرَّةَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ، - قَالَ قُتَيْبَةُ عَنْ أَبِي الزَّاهِرِيَّةِ، عَنْ أَبِي شَجَرَةَ، لَمْ يَذْكُرِ الْبُنَ عُمَرَ - أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " أَقِيمُوا الصَّفُوفَ وَحَاذُوا بَيْنَ الْمَنَاكِب وَسُدُّوا الْخَلَلَ وَلِينُوا بِأَيْدِي إِخْوَانِكُمْ " . لَمْ يَقُلْ عِيسَى " بِأَيْدِي إِخْوَانِكُمْ " . " الْمَنَاكِب وَسُدُّوا الْخَلَلَ وَلِينُوا بِأَيْدِي إِخْوَانِكُمْ " . لَمْ يَقُلْ عِيسَى " بِأَيْدِي إِخْوَانِكُمْ " . " وَلَا تَذَرُوا فُرُجَاتٍ لِلشَّيْطَانِ وَمَنْ وَصَلَ صَفَّا وَصَلَلُهُ اللهُ وَمَنْ قَطَعَ صَفَّا قَطَعَهُ اللهُ " . قَالَ أَبُو دَاوُدَ أَبُو مَانُ قَطَعَ صَفَّا قَطَعَهُ اللهُ " . قَالَ أَبُو دَاوُدَ أَبُو لَا فَرُحُلُ إِلَى الصَّفَ فَذَهَبَ يَدْخُلُ فِيهِ فَيَنْبَغِي أَنْ يُلَيِّنَ لَهُ كُلُّ رَجُلُ إِلَى الصَّفِ فَذَهَبَ يَدْخُلُ فِيهِ فَيَنْبَغِي أَنْ يُلَيِّنَ لَهُ كُلُّ رَجُلُ مِنْ مَثَكِبَيْهِ حَتَّى يَدْخُلُ فِيهِ فَيَنْبَغِي أَنْ يُلَيِّنَ لَهُ كُلُّ رَجُلُ مِنْ الصَّفَ قَذَهَبَ يَدْخُلُ فِيهِ فَيَنْبَغِي أَنْ يُلَيِّنَ لَهُ كُلُّ رَجُلُ مَا لَكُو يَلْ عَلَى الصَّفَ .

\_ صحيح

#### বাংলা

৬৬৬। ইবনু 'উমার ও আবৃ শাজারাহ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের কাতারসমূহ সোজা করে নাও, পরস্পর কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়াও এবং উভয়ের মাঝখানে ফাঁক বন্ধ কর আর তোমাদের ভাইদের হাতে নরম হয়ে যাও। বর্ণনাকারী ঈসার বর্ণনায়, "তোমাদের ভাইয়ের হাতে" শব্দগুলো নেই। (তিনি আরো বলেন,) শয়তানের জন্য কাতারের মাঝখানে ফাঁকা জায়গা রেখে দিও না। যে ব্যক্তি কাতার মিলাবে, আল্লাহও তাকে তাঁর রহমত দ্বারা মিলাবেন। আর যে ব্যক্তি কাতার ভঙ্গ করবেন, আল্লাহও তাকে তাঁর রহমত হতে কর্তন করবেন।[1]



ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, আবৃ শাজারার নাম হচ্ছে কাসীর ইবনু মুররাহ। ইমাম আবৃ দাউদ (রহঃ) আরো বলেন, "তোমাদের ভাইদের হাতে নরম হয়ে যাও" এর অর্থ হচ্ছে, কোন ব্যক্তি এসে কাতারে প্রবেশ করতে চাইলে প্রত্যেক ব্যক্তিই তার জন্য নিজ নিজ কাধঁ নরম করে দেবে, যেন সে সহজে কাতারে শামিল হতে পারে। সহীহ।

## **English**

#### Narrated Abdullah ibn Umar:

The Prophet (ﷺ) said: Set the rows in order, stand shoulder to shoulder, close the gaps, be pliant in the hands of your brethren, and do not leave openings for the devil. If anyone joins up a row, Allah will join him up, but if anyone breaks a row, Allah will cut him off.

Abu Dawud said: The name of Abu Shjrah is Kathir b. Murrah.

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ ইমামাত, অনুঃ যে ব্যক্তি কাতার মিলায়, হাঃ ৮১৮), আহমাদ (৫৭২৪)। শায়খ আহমাদ শাকির বলেনম এর সনদ সহীহ। ইবনু খুযাইমাহ (১৫৪৯), সকলেই আবূ যাহিরিয়্যাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন